পরীক্ষা বিভাগ
EXAMINATION DIVISION

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

বাউবি/পরীক্ষা/এইচএসসি/ DeNovo/৫৬৯/ ৬১৭৯

তারিখ: ১৫ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ
৩০ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

আঞ্চলিক পরিচালক
আঞ্চলিক কেন্দ্র (সকল)
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

বিষয় ঃ **একাডেমিক কাউন্সিল এর ৭৬তম সভার সুপারিশ (সিদ্ধান্ত-০৬) মোতাবেক রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের DeNovo রেজিস্ট্রেশনের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান প্রসঙ্গে।**

সূত্র ঃ বাউবি/প্রশা(সাধা)/একা সিদ্ধান্ত-৬১(১)/পার্ট-০৩/৭১০(১) তারিখ ঃ ০৪/০২/২০২৪।

জনাব,

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল এর ৭৬তম সভার সিদ্ধান্ত মোতাবেক রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের বিশেষ বিবেচনায় পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদানের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

"(১) একাডেমিক কাউন্সিলের ৭৬তম সভার সিদ্ধান্ত-০৬ মোতাবেক সকল প্রোগ্রামের ক্ষেত্রে যে সকল শিক্ষার্থী সংশ্লিষ্ট প্রোগ্রামের শিক্ষার্থী ৫০% কোর্স/বিষয় সম্পন্ন করেছেন কেবলমাত্র সেই সকল শিক্ষার্থী অবশিষ্ট কোর্স/বিষয়ের **DeNovo** রেজিস্ট্রেশনের মাধ্যমে সংশ্লিষ্ট কোর্স/বিষয়ে কোর্স ফি প্রদান সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

(২) এইচ.এস.সি পরীক্ষা-২০২৫ এ যাদের রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়েছে তারা উক্ত সিদ্ধান্তের আলোকে রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ার পরবর্তী ০৩ বছরের মধ্যে **DeNovo** রেজিস্ট্রেশন করে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। **পুনরাদেশ না দেয়া পর্যন্ত পরবর্তীতে রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীগণের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য হবে।"**

উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে-

(ক) একাডেমিক কাউন্সিলের ৭৬তম সভার সিদ্ধান্ত-০৬ অনুযায়ী এইচ.এস.সি প্রোগ্রামের ১৮ ব্যাচের রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ যে সকল শিক্ষার্থী সংশ্লিষ্ট প্রোগ্রামের ৫০% কোর্স/বিষয় সম্পন্ন করেছে কেবলমাত্র সে সকল শিক্ষার্থী শেষবারের মত অবশিষ্ট কোর্স/**DeNovo** রেজিস্ট্রেশনের মাধ্যমে আসন্ন এইচ.এস.সি পরীক্ষা-২০২৫ এ অংশগ্রহণ করতে পারবে এবং

(খ) ১৮ ব্যাচের শিক্ষার্থীদের এইচ.এস.সি পরীক্ষা-২০২৪ এ পরীক্ষায় রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়েছে। ১৮ ব্যাচের যে সকল শিক্ষার্থী সংশ্লিষ্ট প্রোগ্রামের ৫০% কোর্স/বিষয় সম্পন্ন করেছে সেই সকল শিক্ষার্থীগণ একাডেমিক কাউন্সিলের ৭৬তম সভার **সিদ্ধান্ত-০৬ অনুযায়ী DeNovo রেজিস্ট্রেশন করে এইচ.এস.সি পরীক্ষা-২০২৫, এইচ.এস.সি পরীক্ষা-২০২৬ ও এইচ.এস.সি পরীক্ষা-২০২৭ এ অংশগ্রহণের সুযোগ পাবে।**

উল্লিখিত **ক ও খ এর শিক্ষার্থীগণ এইচ.এস.সি পরীক্ষা-২০২৫ এর জন্য ৩০-১২-২০২৪ তারিখ থেকে ২০-০১-২০২৫** (রাত ১১:৫৯ পর্যন্ত) তারিখ পর্যন্ত কোর্স প্রতি **DeNovo**/পুনঃ রেজিস্ট্রেশন ফি বাবদ ৮৮৮/- টাকা ও ব্যবহারিক কোর্সের ক্ষেত্রে প্রতি বিষয়ে ১২৫ টাকা, নম্বরপত্র ফি, সনদপত্র ফি, প্রশংসাপত্র ফি এবং একাডেমিক ক্যালেন্ডার ফি ৭০০/- টাকা রেজিস্ট্রেশনের জন্য **"ডিন, ওপেন স্কুল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫"** বরাবর আবেদন করতে হবে। **DeNovo**/পুনঃ রেজিস্ট্রেশনের জন্য অফলাইনে বাউবি'র নির্ধারিত ব্যাংকে জমা প্রদান করে ফি জমাদানের রশিদ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের ২০২৫ সালের অনুষ্টিতব্য কোন পরীক্ষা পুরাতন সিলেবাসে অনুষ্ঠিত হবে না। পুরাতন ব্যাচের যে সকল শিক্ষার্থী **DeNovo** প্রাপ্য হবেন তাদের অবশিষ্ট কোর্সসমূহের পরীক্ষা নতুন সিলেবাসের আলোকে প্রণীত প্রশ্নপত্রে অনুষ্ঠিত হবে।

বিষয়টি সকল উপ-আঞ্চলিক কেন্দ্র ও স্টাডি সেন্টারকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হ'ল।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কম্পিউটার বিভাগ
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়
ডায়েরী নং........ 2036
তারিখঃ........ 30/12/24
সিস্টেম এনালিস্ট/ডেপুটি সিস্টেম এনালিস্ট/ওয়েব মাস্টার/
সহঃসিঃ প্রোগ্রামার/ASANA
সহঃ সিস্টেম এনালিস্ট/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার/HME
সহঃ পরিচালক/সহকারী প্রোগ্রামার/AHME

ধন্যবাদসহ।

30/12/2024

মোঃ হাবিবুল্যাহ মাহমুদ
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

অনুলিপি : সদয় অবগতি জন্য
১। ডিন, ওপেন স্কুল, বাউবি।
২। পরিচালক, এস.এস.এস. বিভাগ, বাউবি।
৩। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৪। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। উপ-পরিচালক, উপ-উপাচার্যের দপ্তর (শিক্ষা), বাউবি।
৬। সংরক্ষণ নথি।

30.12.24
(নাজনীন নেগার)
যুগ্ম পরীক্ষা নিয়ন্ত্রক